দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 17 APR 2018
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

মোবাইল ও সিম জব্দ

# এইচএসসির ভুয়া প্রশ্নপত্রদাতা প্রতারক পাকড়াও

স্টাফ রিপোর্টার ॥ এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র দেয়ার প্রলোভন দেখিয়ে অর্থ আত্মসাতে জড়িত থাকার অভিযোগে মোঃ ইমন হোসাইন (২২) নামে প্রতারক চক্রের এক সদস্যকে গ্রেফতার করেছে র‍্যাব। এ সময় তার কাছ থেকে, ভুয়া প্রশ্নপত্র সরবরাহের কাজে ব্যবহৃত দুটি মোবাইল ফোন ও চারটি সিমকার্ড জব্দ করা হয়েছে। গ্রেফতারকৃত ইমনের বাবা মোঃ মজনু মিয়া। গ্রামের বাড়ি নরসিংদী জেলার রায়পুরা থানায়।

র‍্যাব-১-এর মেজর মনজুর মেহেদী ইসলাম জানান, সোমবার টঙ্গীর মধুমিতা কাঁচাবাজার এলাকা থেকে ইমনকে গ্রেফতার করা হয়। তার জব্দকৃত দুটি মোবাইল ফোন বিশ্লেষণ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভুয়া প্রশ্নপত্র সরবরাহে ইমনের সংশ্লিষ্টতা পাওয়া গেছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এম.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর